



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২১.১৮-৭২২


তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২৫
২৫ নভেম্বর ২০১৮

বিষয়: সরকারি-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০১৯ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষা বিবেচনায় নির্বাচনি প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ

সূত্র: ১। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২১.১৮-৭০৯, তারিখ: ২০ নভেম্বর ২০১৮
২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-১৪৪৩ তারিখ: ১৫/১১/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ২৯ ডিসেম্বর ২০১৮ তারিখ অপরাহ্ন হতে ভোটগ্রহণ কর্মকর্তাগণ ভোটকেন্দ্রের জন্য নির্ধারিত প্রতিষ্ঠানে অবস্থান করবেন। তাছাড়া ০৭-১৫ ডিসেম্বর ও ১৮-২৩ ডিসেম্বর ২০১৮ তারিখে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণের পরিকল্পনা রয়েছে। ফলে যতদূর সম্ভব প্রশিক্ষণ ভেন্যু পরিহার করে ভর্তি পরীক্ষা বা অন্য কোনো পরীক্ষা অথবা অনুরূপ কোনো কার্যক্রম গ্রহণের লক্ষ্যে প্রতিষ্ঠান নির্ধারণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে নির্দেশনা দেয়া হয়েছিল। তবে আগামী ১৭-১৯ ডিসেম্বর ২০১৮ তারিখে মাধ্যমিক স্কুলের ভর্তি পরীক্ষা এবং ২০ ডিসেম্বর ২০১৮ তারিখে মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন/সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণির ভর্তির লটারি অনুষ্ঠিত হবে। এর পরিপ্রেক্ষিতে ১৭, ১৮ ও ১৯ ডিসেম্বর ২০১৮ তারিখে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ বা পোলিং এজেন্টদের মাস্টার টেইনারদের প্রশিক্ষণ বা অনুরূপ কোনো প্রশিক্ষণের কাজে ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ব্যবহার না করার জন্য, ক্ষেত্র বিশেষে ঐ তারিখে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তাদের প্রশিক্ষণ না রাখার জন্য এবং ২০ ডিসেম্বর ২০১৮ তারিখে যেসকল বিদ্যালয়ে ভর্তির লটারি অনুষ্ঠিত হবে সেসকল প্রতিষ্ঠানও উল্লিখিত প্রশিক্ষণের কাজে ব্যবহার না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ অথবা নির্বাচন সংশ্লিষ্ট প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।


(ফরহাদ আহাম্মদ খান) ২৫/১১/২০১৮

যুগ্ম সচিব (নির্বাচন পরিচালনা-২)

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)

E-mail: forhadakecs2015@gmail.com

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার

২। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

৩। জেলা প্রশাসক, (সকল) ও রিটার্নিং অফিসার

৪। ও সহকারী রিটার্নিং অফিসার (সকল)

৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)

৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার।

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২১.১৮-৭২২

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২৫
২৫ নভেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা

৪। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, গুলশান-২, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd